# হজ সফরে সহজ গাইড

বিভাগ/অধ্যায়ঃ উমরাহ

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ মোশফিকুর রহমান

উমরাহর পর যা করতে পারেন

- উমরাহ সম্পন্ন করার পর আপনি যতো বেশি পারেন মসজিদুল হারামে ফরয, সুন্নাত, নফল, জানাযা, চাশত, তাহাজ্জুদ সালাত আদায় করুন এবং নফল তাওয়াফ করুন। নফল তাওয়াফ করার নেকী অনেক অনেক বেশি।
- উমরাহ সম্পন্ন করার পর থেকে হজ এর পূর্ব পর্যন্ত নির্দিষ্ট কোনো কর্মকাণ্ড নেই। আপনি যদি হজ এর পূর্বে বেশ কিছু দিন অবসর সময় পেয়ে যান তবে আপনি কিছু ইসলামিক ঐতিহাসিক দর্শনীয় স্থানগুলো ঘুরে দেখে আসতে পারেন। আপনি এ সময়ে কিছু কেনাকাটাও করতে পারেন।
- আপনার হজ এজেন্সি একদিন বাস ভাড়া করে কিছু ইসলামিক ঐতিহাসিক দর্শনীয় স্থানগুলো ঘুরে দেখিয়ে নিয়ে আসতে পারেন অথবা আপনি নিজে ঘুরে দেখে আসতে পারেন। এক্ষেত্রে দলবদ্ধ হয়ে ঘুরতে যাওয়া ভালো। মহিলারা মাহরাম ছাড়া বাইরে কোথাও একাকী কেনাকাটা বা ঘুরাঘুরি করতে যাবেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6525

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন